CHANDPUR SCIENCE AND TECHNOLOGY UNIVERSITY
Dhaka Project Office: House: 20, Road: 17, Sector-4,
Uttara, Dhaka -1230
Temporary Campus: Holding No: 0937-02, Kholishaduli,
Wapda Gate, Cumilla Road, Chandpur Sadar, Chandpur-3600

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
ঢাকা প্রকল্প অফিস: বাড়ি নং-২০, রোড নং-১৭, সেক্টর-৪,
উত্তরা, ঢাকা- ১২৩০
অস্থায়ী ক্যাম্পাস: হোল্ডিং নং: ০৯৩৭-০২, খলিশাডুলি,
ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০

Phone: +880-2-41090771, Email: info@cstu.ac.bd, Web: www.cstu.ac.bd

তারিখঃ ২৯/০৬/২০২৪ ইং

# কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ

| বিভাগ | পদের নাম, সংখ্যা ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| অর্থ ও হিসাব বিভাগ | **পরিচালক**<br>০১টি পদ<br>গ্রেড নং- ৩<br>বেতন স্কেল ৳: ৫৬,৫০০-৭৪,৪০০/- | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কর্মাসে মাষ্টার্স/কমার্সে স্নাতকসহ ব্যবসা প্রশাসনে মাষ্টার্স বা এইচ এস সি এর পর ৪ বছর মেয়াদী (কমার্স) ডিগ্রীসহ কোন বিশ্ববিদ্যালয় বা সমমানের প্রতিষ্ঠানের একাউন্টস এর কাজে ১ম শ্রেণীর কর্মকর্তা হিসাবে কমপক্ষে ১৫(পনের) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে, যাহার মধ্যে ডেপুটি পরিচালক/সমমান (গ্রেড-৫) বা তদুর্ধ পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>প্রার্থীকে সি.এ/সিএমএ বা ইহার সমমানের পেশাগত যোগ্যতা এবং কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের কাজে অভিজ্ঞতাসম্পন্ন হইলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ | **পরিচালক**<br>০১টি পদ<br>গ্রেড নং- ৩<br>বেতন স্কেল ৳: ৫৬,৫০০-৭৪,৪০০/- | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে কমপক্ষে মাস্টার্স বা এইচ এস সি এর পর ৪ বছর মেয়াদী স্নাতক বা বি এস সি ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রী থাকিতে হইবে। সেই সঙ্গে ১ম শ্রেণী/পদে (৯ নং গ্রেডে) বা তদূর্ধ পদে কমপক্ষে ১৫(পনের) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে যাহার মধ্যে উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/সমমান (গ্রেড-৫) বা তদুর্ধ পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>পরিকল্পনা ও উন্নয়ন/সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন হইলে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। |
| অর্থ ও হিসাব বিভাগ | **হিসাবরক্ষণ কর্মকর্তা**<br>০১টি পদ<br>গ্রেড নং- ৯<br>বেতন স্কেল ৳: ২২,০০০-৫৩,০৬০/- | প্রার্থীকে সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে কমার্স/ব্যবসায় প্রশাসন-এ মাস্টার্স বা এইচএসসি-এর পর ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী থাকিতে হইবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। |
| পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর | **সেকশন অফিসার**<br>০১টি পদ<br>গ্রেড নং- ৯<br>বেতন স্কেল ৳: ২২,০০০-৫৩,০৬০/- | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মাস্টার্স বা এইচএসসি এর পর ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী থাকিতে হইবে। প্রার্থীকে কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। |

| | | |
|---|---|---|
| **রসায়ন ল্যাব**<br><br>**ইলেকট্রিক্যাল ল্যাব** | **ল্যাব অ্যাসিস্ট্যান্ট**<br>০২টি পদ<br>গ্রেড নং- ১৩<br>বেতন স্কেল ৳:<br>১১,০০০-২৬,৫৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোক) উত্তীর্ণ।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) উত্তীর্ণের পর সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (বিজ্ঞান) বা সমমানসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান উত্তীর্ণের পর স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্স উত্তীর্ণ (জাতীয় দক্ষতামান ২ এবং ৩ উত্তীর্ণ)।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান উত্তীর্ণের পর ৬(ছয়) মাস মেয়াদী ট্রেডকোর্স পাশসহ অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। |
| **সেন্ট্রাল স্টোর** | **স্টোর কিপার**<br>০১টি পদ<br>গ্রেড নং- ১৩<br>বেতন স্কেল ৳:<br>১১,০০০-২৬,৫৯০/- | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী সহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বোর্ড হইতে এইচ এস সি বা সমমানের পরীক্ষায় পাস সহ ষ্টোর সহকারী বা সমমানের পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| **কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ** | **অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট**<br>০১টি পদ<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল ৳:<br>৯,৩০০-২২,৪৯০/- | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি পাশ সহ কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ৩০ (ত্রিশ) ও ৪০ (চল্লিশ) শব্দ টাইপ করার যোগ্যতা থাকিতে হইবে। দাপ্তরিক কাজ সহ কম্পিউটার পরিচালনা, ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেডশীট ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে। |
| **পরিবহন পুল** | **গাড়ি চালক**<br>০১টি পদ<br>গ্রেড নং-১৬<br>বেতন স্কেল ৳:<br>৯,৩০০-২২,৪৯০/- | প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা সমতূল্য জিপিএ সহ এসএসসি বা ইহার সমতূল্য পরীক্ষা পাশ হইতে হইবে। বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ মটর ড্রাইভিং লাইসেন্সসহ ৩(তিন) বৎসর চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ভারী মটর ড্রাইভিং লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>অথবা<br>প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ মটর ড্রাইভিং লাইসেন্সধারীসহ ৫(পাঁচ) বৎসর চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ভারী মটর ড্রাইভিং লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>খ) প্রার্থীকে ৬/৬ দৃষ্টি শক্তিসহ সুস্বাস্থের অধিকারী হইতে হইবে।<br>গ) যানবাহন রক্ষণাবেক্ষণ ও লগবই লেখার অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| **কম্পিউটার ল্যাব** | **ল্যাব এটেনডেন্ট**<br>**০১টি পদ**<br>গ্রেড-১৯<br>বেতন স্কেল ৳:<br>৮,৫০০-২০,৫৭০/- | প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ সহ এস এস সি পাশ এবং সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা সমতুল্য জিপিএ সহ এস এস সি পাশ এবং সরকারী কোন প্রতিষ্ঠান বা স্বীকৃত শিক্ষাবোর্ডের অধীন সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৬(ছয়) মাস মেয়াদী ট্রেড কোর্স পাশ হইতে হইবে। |

| | | |
|---|---|---|
| উপাচার্য মহোদয়ের দপ্তর | অফিস সহায়ক<br>০৩টি পদ<br>গ্রেড-২০<br>বেতন স্কেল ৮:<br>৮,২৫০-২০,০১০/- | প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এস এস সি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশ হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| কেন্দ্রীয় গ্রন্থাগার | | |
| গেস্ট হাউজ ঢাকা | | |

## সাধারণ নিয়ামাবলি ও সংজ্ঞাঃ

১. আগ্রহী প্রার্থীদের সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপি আপলোড করতে হবে।

২. ক্রমিক নং- ০১ হতে ১০ এ বর্ণিত পদের জন্য Online -এ আবেদন পত্র Submit করার পর Online -এ Generated আবেদনপত্র Print করে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সকল সনদপত্র ও অন্যান্য ডকুমেন্ট (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপি) এর হার্ড কপি ক্রমিক নং- ০১ হইতে ০৪ এ বর্ণিত পদের জন্য ০৭ সেট এবং ক্রমিক নং- ০৫ হইতে ১০ এ বর্ণিত পদের জন্য ০৫ সেট করে পূর্ণাঙ্গ আবেদন আগামী ২৮/০৭/২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে "রেজিস্ট্রার, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, অস্থায়ী ক্যাম্পাসঃ হোল্ডিং নং: ০৯৩৭-০২, খলিশাডুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০" এর বরাবর পৌঁছাতে হবে।

৩. আবেদনপত্রে প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র এবং চাকরিরত হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি আপলোড করতে হবে।

৪. চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫. এন্ট্রি পদে বয়সসীমা ৩০(ত্রিশ) বছর।

৬. অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করিতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করিতে বাধ্যথাকিবে না।

৭. সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে সকল সনদ ও সংশ্লিষ্ট পত্রাদির মূল কপিসহ উপস্থিত থাকতে হবে।

৮. অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য।

৯. কোটা সংরক্ষণের বিষয়ে সরকারি সর্বশেষ নির্দেশনা অনুসৃত হইবে।

১০. সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে 'অঙ্গীকারনামা' প্রদান করতে হবে।

১১. নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২. অভিজ্ঞতা বলতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বুঝাবে। কোন প্রাইভেট/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হবে না।

**প্রকৌশলী মেজর মো. আবদুল হাই (অবঃ)**
রেজিস্ট্রার
চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়